রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, নভেম্বর ২২, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/১৫ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ৩০৮-আইন/২০২০/১২৬-মূসক।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) প্রত্যেক নিবন্ধনযোগ্য ব্যক্তি যে দিন তাহার নিবন্ধনের আবশ্যকতা উদ্ভূত হইবে সেই দিনের পর হইতে ১৫ (পনের) দিনের মধ্যে আবাসিক ব্যক্তির ক্ষেত্রে ফরম "মূসক ২.১" এবং অনাবাসিক ব্যক্তির ক্ষেত্রে ফরম "মূসক ২.২" এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট মূসক নিবন্ধনের জন্য আবেদন করিবেন।"

(২) বিধি ১২ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) উপ-বিধি (১) উল্লিখিত পরিবর্তনের তথ্য অনলাইনে দাখিলের ক্ষেত্রে নিবন্ধিত বা তালিকাভুক্ত আবাসিক ব্যক্তি ফরম 'মূসক ২.১' এ, নিবন্ধিত অনাবাসিক ব্যক্তি ফরম 'মূসক ২.২' এ এবং কাগুজে আবেদনের ক্ষেত্রে 'মূসক ২.৫' এ তথ্য পরিবর্তিত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে কমিশনারকে অবহিত করিবেন।"

(৩) বিধি ১৩ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির ব্যবসায়ের স্থান পরিবর্তন করিবার প্রয়োজন হইলে, উক্ত পরিবর্তনের অন্যূন ১৫ (পনের) দিন পূর্বে অনলাইনে দাখিলের ক্ষেত্রে, আবাসিক ব্যক্তির জন্য ফরম "মূসক ২.১", অনাবাসিক ব্যক্তির জন্য ফরম "মূসক ২.২" এবং কাগুজে আবেদনের জন্য ফরম "মূসক ২.৫"-তে সংশ্লিষ্ট কমিশনারেটের কমিশনার বরাবর আবেদন করিতে হইবে।"

(৪) বিধি ১৭ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

(৫) বিধি ১১৪ এর—

(ক) উপ-বিধি (১) এর "বোর্ড সংশ্লিষ্ট পরামর্শককে" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট কমিশনারেট উক্ত পরামর্শককে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর "বোর্ড" শব্দের পরিবর্তে "সংশ্লিষ্ট কমিশনারেট" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ ব্যাখ্যা সংযোজিত হইবে, যথা:—

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "সংশ্লিষ্ট কমিশনারেট" অর্থ মূসক পরামর্শক যে কমিশনারেটে নিবন্ধিত বা তালিকাভুক্ত সেই কমিশনারেট।

(৬) ফরম 'মূসক ২.১' এর পর নিম্নরূপ নূতন ফরম 'মূসক ২.২' সন্নিবেশিত হইবে, যথা:—

**"মূসক ২.২**
**[বিধি ৪ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]**

Government of the People's Republic of Bangladesh
National Board of Revenue
Vat Registration Form for Non Resident
[ See Rules 4(1) ]

Mushak-2.2

**A. BUSINESS INFORMATION***

A1. Type of Ownership:

| | | | | |
|---|---|---|---|---|
| (a) Proprietorship: | ☐ | (b)Partnership: | ☐ | |
| (c) Private Limited | ☐ | (d) Public Limited | ☐ | |
| (e) International Organization | ☐ | (f) NGO | ☐ | |
| (g) Educational Inst. | ☐ | (h) Other | ☐ | *[Please specify in the field below]* |

**B. General Information**

| | |
|---|---|
| B1. Name of the Entity* | |
| B2. Trading Brand name *(if any)* | |
| B3. Company Registered/ Incorporation Number abroad *(if any)* | |
| B4. Country of Incorporation *(if applicable)* | |
| B5.Tax Identification Number *(if any)* | |

B6. VAT/GST/Sales Tax Registration Number in country of incorporation *(if any)*

## C. CONTACT INFORMATION

C1. Business Operations Address* *[Whether Bangladesh Address]*

C2. City*

C3. Country*

C4. Land Telephone Number *(if any)*

C5. Mobile Telephone Number *(if any)*

C6. e-Mail*

C7. Fax Number *(if any)*

C8. Web address *(if any)*

## D. MAJOR AREA OF ECONOMIC ACTIVITY*

D1. Services

D2. Other Please Specify

## E. AREAS OF SERVICE [MANDATORY IF YOU SELECT "SERVICES" IN FIELD D1]

| | |
|---|---|
| 1. Construction | 2. Trading including e-Commerce |
| 3. Real Estate | 4. Transport |
| 5. Electricity/Gas/Water Supply | 6. Financial Institution |
| 7. Hotel & Guest Houses | 8. Restaurants |

9. Rental & Leasing Service

10. Research & Consultancy

11. Healthcare

12. Education & Training

13. Telecommunication & Internet

14. Software & ITES

15. Sports & entertainment

16. Event Management & Catering

17. Workshop & Engineering

18. Tour Operator & Travel Agent

19. Advertising & Promotion

20. Customs Brokerage & Freight Forwarding

21. Radio & TV Operations

22. Consultancy

23. Others

(Please specify)

**F. BUSINESS CLASSIFICATION CODE**

| Commercial Description of Supply | Service Code | Description of Service Code |
|---|---|---|
| 1. | | |
| 2. | | |
| 3. | | |

*[USE SEPARATE CODE FOR EACH ECONOMIC ACTIVITY ACCORDING TO YOUR SELECTION IN SECTION "E" ABOVE]*

[ Add separate sheet for more service code]

**G. BANK ACCOUNT DETAILS [If account needs to be opened in Bangladesh, If may not possible. So it needs to be optional.**

| Account Name | Account Number | Bank Name | Branch |
|---|---|---|---|
| 1. | | | |

2.

3.

*[Add separate sheet for more bank accounts]*

| H. INFORMATION ABOUT OWNERS/DIRECTORS/Head of Entity/Board of Directors Instead of -------) | | | | |
|---|---|---|---|---|
| Full name | Designation | Share% (Optional) | Passport Number (Optional) | Nationality |
| 1. | | | | |
| 2. | | | | |
| 3. | | | | |

*[Add separate sheet for more owners/directors.]*

| I. Authorized VAT Agents Details* | |
|---|---|
| I1. VAT Agent Number | |
| I2. Name of VAT Agent | |
| I3. Address of VAT Agent | |
| I4. BIN of VAT Agent | |
| I5. E-TIN of VAT Agent | |

| J. Particulars of VAT Agent's Authorized Persons* | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Full name | Designation | Identity Category | NID | Passport | Nationality | Mobile No | E-mail |
| 1. | | NID/ Passport | | | | | |
| 2. | | NID/ Passport | | | | | |
| 3. | | NID/ Passport | | | | | |

K. Declaration

All the details and information provided in this form are true and complete. I am aware that any untrue or incomplete statement may result in delay in BIN issuance and I may be subjected to full penalty of the law.

| | |
|---|---|
| FULL NAME:* | |
| DESIGNATION:* | |

SIGNATURE OF AUTHORIZED PERSON

*(For manual submission only)*

(৭) ফরম 'মূসক ৩.১' এর পরিবর্তে নিম্নরূপ ফরম 'মূসক ৩.১' প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**মূসক এজেন্ট সনদপত্রের জন্য আবেদনপত্র**

**মূসক-৩.১**

[বিধি ১৬ এর উপ-বিধি (৩) ও (৫) দ্রষ্টব্য]

**অংশ-১: সাধারণ তথ্য**

| | | |
|---|---|---|
| আবেদনকারীর ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা | : | |
| আবেদনকারীর করদাতা সনাক্তকরণ সংখ্যা | : | |
| আবেদনকারীর নাম | : | |

**অংশ-২: আবেদনকারীর যোগ্যতা**

নিম্নবর্ণিত তথ্যসমূহের মধ্যে আপনার জন্য প্রযোজ্যটিতে টিক চিহ্ন দিন।

(ক) আইনের ধারা ১৩০ এর অধীন নিযুক্ত মূসক পরামর্শক ☐

(খ) ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)-এর সদস্য হিসাবে নিবন্ধিত চার্টার্ড একাউন্ট্যান্ট ও একাউন্ট্যান্ট ☐

(গ) ইন্সটিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি)-এর সদস্য হিসাবে নিবন্ধিত একাউন্ট্যান্ট ☐

(ঘ) বাংলাদেশ বার কাউন্সিল-এর সদস্য হিসাবে নিবন্ধিত কোনো আইনজীবী ☐

(ঙ) সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন, মূল্য সংযোজন কর বিভাগের এমন কোনো অবসরপ্রাপ্ত কর্মকর্তা ☐

(চ) এফবিসিসিআই কর্তৃক মনোনীত বেসরকারি খাতের বিশেষজ্ঞ ব্যবসায়ী প্রতিনিধি ☐

(ছ) চার্টার্ড সেক্রেটারিজ আইন, ২০১০ (২০১০ সনের ২৫ নং আইন) এর ধারা ২ এর দফা (৬) সংজ্ঞায়িত চার্টার্ড সেক্রেটারি ☐

(জ) মূসক এজেন্ট হিসেবে নিয়োগপ্রাপ্তির লক্ষ্যে অনাবাসিক ব্যক্তি কর্তৃক প্রাথমিকভাবে সম্মতি লাভ করিয়াছে এইরূপ বাংলাদেশে নিবন্ধিত কোনো স্বনামধন্য পরামর্শক প্রতিষ্ঠান বা চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম বা আইন পরামর্শক প্রতিষ্ঠান ☐

**অংশ-৩: আবেদনের জন্য প্রয়োজনীয় দলিলাদি**

পরিশোধিত ফি'র পরিমাণ (টাকা)

পে অর্ডার নম্বর

পে অর্ডারের তারিখ

ব্যাংকের নাম ও শাখা

যাহার বরাবর পে অর্ডার করা হইয়াছে

**অংশ-৪: ঘোষণা**

আমি ঘোষণা করিতেছি যে, এই আবেদনে প্রদত্ত তথ্য সর্বোতভাবে সম্পূর্ণ, সত্য ও নির্ভুল।

নাম :

পদবি :

স্বাক্ষর ও সীল ";

(৮) ফরম মূসক-৩.৩ বিলুপ্ত হইবে;

(৯) ফরম মূসক-১৪.১ এর—

(ক) অনুচ্ছেদ ০৩ এর "জাতীয় রাজস্ব বোর্ডের নিকট" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(খ) অনুচ্ছেদ ০৪ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ০৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"০৪। আপনাকে....................... তারিখের মধ্যে সমুদয় বকেয়া পরিশোধের অনুরোধ করা হইলো। আপনি যদি উক্ত বকেয়ার সমুদয় বা আংশিক পরিশোধ করিয়া থাকেন তাহা হইলে তাহার প্রমাণকসহ এই সার্টিফিকেট ইস্যুর একুশ (২১) দিনের মধ্যে উহা সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করিবেন। উল্লেখ্য যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন এই সার্টিফিকেটের বিরুদ্ধে আপিল করিবার বা আপত্তি উত্থাপনের অধিকার আপনার রহিয়াছে।"

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
চেয়ারম্যান।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd